



# জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

## প্রেস-রিলিজ

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ

২৪ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

পানি নিয়ে জাতিসংঘের একটি উচ্চ পর্যায়ের প্যানেলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে মনোনীত করায় তাঁকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস. এম. ইমামুল হক। সম্প্রতি জাতিসংঘের মহাসচিব বান কি মুন ও বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়াং কিং রাষ্ট্র ও সরকার প্রধানদের এই প্যানেল ঘোষণা করেন। টেকসই উন্নয়ন লক্ষ্য(এসডিজি) ৬ অর্জনে কার্যকর পদক্ষেপের জন্য এই প্যানেল করা হয়েছে। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বলেন, তাঁর দৃঢ়চেতা নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত রাষ্ট্রে পরিনত হওয়ার মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মান হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
জনসংযোগ কর্মকর্তা  
বরিশাল বিশ্ববিদ্যালয়